রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় গাংনীর শামীম নিহত

রাজবাড়ীতে সড়ক দুর্ঘটনায় মেহেরপুর গাংনীর শামীম(২৮) নিহত ও তার বন্ধু অন্তর(২৬) আহত হয়েছে। আজ রবিবার সকাল ৭টার এ দুর্ঘটনা ঘটে। নিহত শামীম উপজেলার বামন্দী বাজার এলাকার ক্যাম্প পাড়া মদজুলের ছেলে ও অন্তর একই এলাকার বড় পুকুরপাড়ার ইমার উদ্দিনের ছেলে।

রাজবাড়ী এলাকার আবু তালেব জানান,মোটরসাইকেল মাত্রা অতিরিক্ত গতিতে আসছিল। তারা নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তায় ছিটকে পড়লে আমরা তাদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়।

বামুন্দী বাজারের বিশিষ্ট ব্যবসায়ী চঞ্চল হোসেন জানান শামীম ও অন্তর মোটরসাইকেলযোগে ঢাকায় যাচ্ছিল। অসাবধান বস তো সামনে কারণে এ দুর্ঘটনা হয়েছে বলে আমরা ধারণা করছি তবে কোন যানবাহন তাকে ধাক্কা দেয়নি।

রাজবাড়ী হাইওয়ে থানার এস আই আব্দুর রাজ্জাক গাংনীর চোখ’কে জানান, মোটরসাইকেলটি দ্রুতগতিতে এসে নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে রাস্তার পাশে থাকা বালুর স্তুপ কে ধাক্কা দেয়। এ সময় রাস্তায় ছিটকে পড়ল স্থানীয়রা তাদের উদ্ধার করে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে আসে।

রাজবাড়ী সদর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক ময়নুল ইসলাম জানান শামীম হাসপাতালে আসার পূর্বেই মারা যায় এবং অন্তরকে প্রাথমিক চিকিৎসা শেষে হাসপাতাল ত্যাগ করে চলে গেছে।

মেহেরপুরে কালের কণ্ঠ‘র প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

কেক কাটা ও মাস্ক বিতরণ কমর্সূচির মধ্য দিয়ে সীমিত পরিসরে মেহেরপুরে কালের কণ্ঠ’র ১২ বছরে পদার্পণ অনুষ্ঠান উদযাপন করা

হয়েছে।

রবিবার সকাল ১১ টায় স্থানীয় পত্রিকা “মেহেরপুর প্রতিদিন ” অফিসে কালের কণ্ঠ মেহেরপুর জেলা প্রতিনিধি ইয়াদুল মোমিন সভাপতিত্বে কেক কেটে অনুষ্ঠানের শুভ সূচনা করেন মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, মেহেরপুর শুভ সংঘের উপদেষ্টা সাংবাদিক মাহবুব চান্দু, উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু।

এ সময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন বাসস মেহেরপুর জেলা প্রতিনিধি দিলরুবা খাতুন, শুভ সংঘের সাধারণ সম্পাদক আল-ইকরাম সোহাগ, যুগ্ম সাংগঠনিক সম্পাদক সাব্বির আহমেদ, কোষাধ্যক্ষ আফসানা বিশ্বাস তিথি, সাহিত্য সম্পাদক সোহেল রানা, সদস্য মাহফুজ ইমন, প্রিন্স আহমেদ সম্রাট, আদনান কাদির পিয়াল, এস এ সাদিক খান প্রমুখ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সকল অতিথিবৃন্দ এবং শুভ সংঘের সদস্যেরা প্রধান সড়কে মাস্ক বিহীন পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন।

গাংনীর যুগিরগোফা গ্রামে এক মাসে ৫০ লাখ টাকার মাছ নিধন করল দুর্বৃত্তরা

সংসারের স্বচ্ছলতা ফিরিয়ে আনতে নিজস্ব দেড় বিঘা জমিতে পুকুর কেটে মাছ চাষ শুরু করেছিল গাংনীর যুগিরগোফা গ্রামের যুবক আসাদুজ্জামান। প্রায় ৫০ হাজার টাকার মাছ ছেড়েছিলেন তিনি। মাছগুলো বেশ বড় হয়েছিল। হঠাত করেই দেখেন পুকুরের মাছ মারা যাচ্ছে। প্রথম পর্যায়ে ভেবেছিলেন আবহাওয়ার কারণে মাছ মরে যাচ্ছে।

পরে পুকুরের পানি পরীক্ষা করে দেখা গেছে, পানিতে বিষ প্রয়োগের ফলে পুকুরের সব মাছ মারাগেছে। এতে অন্তত ৫ লাখ টাকার ক্ষতি সাধিত

হয়। ঘটনাটি গেল ডিসেম্বরের ২৫ তারিখের। নিরাশ না হয়ে পুকুরের পানি সেচে নতুন ভাবে আবারো মাছ চাষ শুরু করেছেন তিনি। শুধু আসাদুজ্জামান নয় গেল এক মাসে গ্রামের ছয়জন মাছ চাষির পুকুরে গোপনে বিষ প্রয়োগে মাছ নিধন করা হয়েছে।

যুগির গোফা গ্রামের আব্দুল লতিফ জানান, গেল ডিসেম্বরের ১৭ তারিখে সকালে তিনি দেখতে পান পুকুরের মাছ মরে ভেসে উঠেছে। প্রথমে এটি পানির অক্সিজেন কমে যাওয়ার বিষয়টি মনে করলেও পরে দেখতে পান পাঁচ দিনের ব্যবধানে পুকুরের সব মাছ মরে গেছে। এতে ক্ষতি হয়েছে অন্ততঃ ৮ লাখ টাকার।

একইভাবে গ্রামের ঠান্ডু মিয়ার ২০ লাখ টাকার, আনিছ ও ইদ্রিসের ৮ লাখ খলিল মেম্বরের ১০ লাখ ও দুলু মিয়ার ৫ লাখ টাকার মাছ বিষ প্রয়োগে মেরে ফেলা হয়েছে। পুকুরে পাহারা বসানোর পরও অতি গোপনে এ কাজটি করেছে দুর্বৃত্তরা। গ্রামের মাছ চাষিরা দিশেহারা হয়ে পড়েছে।

মাছ চাষিরা জানান, এমনিতেই মাছের পোনা ও খাদ্যের দাম বেশি। অথচ মাছের দাম পাওয়া যাচ্ছে না। তার পরও মাছ বিক্রি করে কোন রকমে পুুঁজ বাচানো সম্ভব হতো। অথচ দৃর্বৃত্তরা কৌশলে মাছ চাষিদের ক্ষতি করে পথে বসাচ্ছে। চাষিরা আরো জানান, ইতোপূর্বে পুলিশ বাহিনীর সদস্যরা টহলে আসার কারণে চোর বা দৃর্বৃত্তরা এসব অপকর্ম করতে সাহস পেতো না। এখন টহল না থাকায় তারা সুযোগ পাচ্ছে।

গাংনী উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা হোসেন আহমেদ স্বপন জানান, মাছ চাষ বেশ লাভজনক হওয়ায় গাংনীর যুগিরগোফা গ্রামের যুবক ও প্রবাস ফেরতরা মাছ চাষ শুরু করেন। বেশ লাভবানও হয়েছিলেন তারা। সম্প্রতি বিষ প্রয়োগে মাছ নিধনের পর অনেকেই পথে বসার উপক্রম। বিষয়টি নিয়ে মাছ চাষিদের সাথে বৈঠক করা হয়েছে। সম্মিলিতভাবে পুকুর পাহারার ব্যবস্থা করা হচ্ছে। সেই সাথে দৃর্বৃত্তদেরকে সনাক্ত করে আইনের আওতায় নেয়ারও প্রক্রিয়া চলমান।

গাংনী থানার ইন্সপেক্টর (তদন্ত) সাজেদুল ইসলাম জানান, ইতোমধ্যে সংশ্লিষ্ট এলাকার পুলিশ ক্যাম্পকে বিষয়টি জানানো হয়েছে এবং টহল জোরদারের পরামর্শ দেয়া হয়েছে।

গাংনী পৌর নির্বাচনে বিদ্রোহী প্রার্থী আশরাফুলকে যুবলীগ থেকে অব্যহতি

মেহেরপুর গাংনী পৌরসভা নির্বাচনে মেয়র পদে দলীয় প্রার্থীর বিরুদ্ধে নির্বাচন করায় স্বতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামকে দল থেকে অব্যহতি দিয়েছে জেলা যুবলীগ।

আজ শনিবার বিকেলে গাংনী বাস স্ট্যান্ডে এক সংবাদ সম্মেলনে কেন্দ্রীয় যুবলীগের সিদ্ধান্তে আশরাফুল ইসলামের অব্যহতির বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর জেলা যুবলীগ আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

আশরাফুল ইসলাম মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক কমিটির সদস্য ছিলেন।

শেখ হাসিনার উন্নয়ন কর্মকাণ্ড চলামান রাখতে গাংনী পৌরসভায় নৌকা প্রতীক বিজয়ী করতে আহবান জানান মাহফুজুর রহমান।

সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন গাংনী উপজেলা যুবলীগ সভাপতি মোশাররফ হোসেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা ও উপজেলা যুুবলীগ নেতৃবৃন্দ। এর আগে গাংনী শহরের বিভিন্ন স্থানে নৌকার পক্ষে গণসংযোগ করেন মাহফুজুর রহমান রিটনসহ যুবলীগ নেতৃবৃন্দ।

গাংনী পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন পেয়েছেন সাবেক মেয়র আহম্মেদ আলী। বর্তমান মেয়র আশরাফুল ইসলাম দলীয় মনোনয়ন প্রত্যাশী ছিলেন।

তবে ২০১৫ সালের নির্বাচনে তিনি বিদ্রোহী প্রার্থী থাকায় স্থানীয় মনোনয়ন বোর্ড থেকে ছিটকে পড়েন তিনি। আগামি ১৬ জানুয়ারী গাংনী পৌরসভা নির্বাচনে তিনি স্বতন্ত্র প্রার্থী হিসেবে প্রতিদ্বন্দীতা করছেন।

মেহেরপুরে মুজিববর্ষ উপলক্ষে নারীদের নিয়ে সপ্তাহব্যাপী কর্মসুচির উদ্বোধন

মুবজব শতবর্ষ উদযাপনের অংশ হিসেবে নারীদের নিয়ে ৭ দিন ব্যাপী বিভিন্ন কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের আয়োজনে এ কর্মসূচির উদ্বোধন করা হয়। কর্মসূচির মধ্যে রয়েছে পিঠা উৎসব, বিলুপ্ত প্রায় দেশীয় ফল, প্রদর্শনী নকশীকাথা প্রদর্শনী ও অগ্নিনির্বাপক প্রশিক্ষণ, গ্রামীন খেলাধুলা।

শনিবার সকালে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গনে সপ্তাহ ব্যাপী এ কর্মসূচি অনলাইনে জুমের মাধ্যমে উদ্বোধন করেন মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়েরন মাননীয় প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন।

উদ্বোধনকালে তিনি বলেন, করোনায় সব কিছুই যেন স্ববির হয়ে গেছে। এর মধ্যেই গ্রামের নারীদের নিয়ে এতো সুন্দর আয়োজন আমার খুব ভালো লেগেছে।

বুড়িপোতা ইউনিয়নরে চেয়ারম্যান শাহজামানকে ধন্যবাদ জানিয়ে ফরহাদ হোসেন বলেন, আমার জন্ম এই বুড়িপোতা ইউনিয়নে। বুড়িপোতার মানুষের জন্য এমন ভিন্ন আয়োজনের করার জন্য আপনাকে ধন্যবাদ। এসময় তিনি মেহেরপুরের সকল ইউনিয়নেই এধরনের আয়োজন করার আহবান জানান।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামাান এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা প্রশাসক ড. মোহাম্মাদ মুনসুর আলম খাঁন, পুলিশ সুপার এস এম মুরাদ আলী, মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক স্বপন কুমার খাঁ, উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাজুল ইসলাম, সদর থানার ওসি শাহ দারা খান, জেলা আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহীম শাহীন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষনা পরিষদের আহবায়ক প্রফেসর আব্দুল মালেক,

জেলা শিল্পকালা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, শহর সমাজ সেবা সম্বনয় পরিষদের সভাপতি আমিনুল ইসলাম খোকন সহ আরো অনেকে।

বুড়িপোতা ইউনিয়নের ৯ ওয়ার্ড থেকে হরেক রকম দেশীয় ফল ও পিঠার অনেক গুলো স্টল দেখাযায় সেখানে। উদ্বোধন অনুষ্ঠান শেষে প্রতিটি স্টল ঘুরে দেখেন অতিথিরা।
সেই সাথে উপস্থিত সকল নারী উদ্দোক্তাকে চেয়ারম্যান শাহজামান এর পক্ষ থেকে একটি করে চাদর উপহার দেওয়া হয় ও প্রতিটি শিক্ষার্থীদের মাঝে স্বাস্থ্য সুরক্ষায় সেনেটারি ন্যাপকিন বিতরণ করা হয়।

মেহেরপুরের রাজনগরে মসজিদের কমিটি নিয়ে বিরোধ

মেহেরপুর সদর উপজেলার রাজনগর জামে মসজিদের সভাপতি পদ নিয়ে বিরোধ চলছে বেশ কয়েক দিন ধরেই। গতকাল শুক্রবার জুম্মার নামাজ শেষে এ নিয়ে কথা কাটাকাটি হয় দু-গ্রুপের মধ্যে।

জানা গেছে, বর্তমান সভাপতিকে কোন রকম অবহিত না করে গোপনে অপর এক পক্ষ নতুন সভাপতি তৈরি করেছে। এই নতুন সভাপতি জেলা পরিষদের বরাদ্দ দেওয়া একলক্ষ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে গায়েব করেছে বলেও অভিযোগ উঠেছে।

এ বিষয়ে শেখ পাড়া জামে মসজিদের ইমাম আশরাফুল ইসলাম জানান, আমি জানি এই মসজিদের কমিটির সভাপতি হচ্ছেন মনিরুজ্জামান ফিরাতুল। কিন্তু প্রায় বছর খানেক ধরে শুনছি নতুন সভাপতি হয়েছেন অলিল নামের একজন।

পূর্বের সভাপতি মনিরুজ্জামান ফিরাতুল জানান, আমি ২০১৪ সাল থেকে রাজনগর মসজিদের সভাপতি হিসেবে দায়িত্বে আছি। মসজিদ উন্নয়নের জন্য আমি জেলা পরিষদের কাছে ১ লাখ টাকার আবেদন করি। কমিটির ক্যাশিয়ার শফিকুল ইসলাম কারসাজি করে নতুন সভাপতি নিয়োগ দিয়েছেন। এই কমিটি দিয়ে জেলা পরিষদের দেওয়া ১ লাখ টাকার মধ্যে ৫০ হাজার টাকা তুলে ফেলেছে তারা।

মসজিদের ক্যাশিয়ার শফিকুল ইসলাম জানান, এর আগে যারা দায়িত্বে ছিল তাদের বিরেুদ্ধে নানা ধরনের অভিযোগ ছিল। পরে গ্রামবাসী আমাকে ক্যাশিয়ারের দায়িত্ব দেয়। সেই সাথে নতুন একজনকে সভাপতি করার জন্য বলে। গ্রামবাসীর কথামত অলিল নামের একজনকে সভাপতি করা হয়। জেলা পরিষদের দেওয়া অর্থের বিনিময়ে ইতোমধ্যে মসজিদের প্রাচীরের কাজ চলমান আছে।

মুজিবনগরে “মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা” শীর্ষক সাংস্কৃতিক পক্ষের সমাপ্তি

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সাংস্কৃতিক পক্ষের আয়োজনে গত ১৫ দিন ব্যাপী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জীবনীভিত্তিক বিভিন্ন নাটক ও প্রামাণ্য চিত্র প্রদর্শন করা শেষে আমার বাড়ি টুঙ্গীপাড়া মঞ্চায়িত নাটকের মধ্য দিয়ে সমাপ্ত হলো “মুজিববর্ষে শত ঘন্টা মুজিবচর্চা” শীর্ষক সাংস্কৃতিক পক্ষের।

গতকাল শুক্রবার রাতে মুজিবনগর অডিটরিয়ামে আলোচনাসভা, সাংস্কৃতি সন্ধ্যার পর মঞ্চায়িত নাটকটির মধ্য দিয়ে সাংস্কৃতিক পক্ষের সমাপ্তি হয়।

এর আগে একই মঞ্চে সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালী উপস্থিত ছিলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃধা মুজাহিদুল ইসলাম, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার প্রমুখ।

মেহেরপুরে ফেন্সিডিল উদ্ধার, আসামী পলাতক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রাম থেকে ৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার করেছে ডিবি পুলিশ। এসময় ফেন্সিডিল বহনকারী একই গ্রামের মৃত হোসেন আলী মল্লিক এর ছেলে দুলাল মল্লিকসহ আরও তিনজন পালিয়ে যায়। মেহেরপুর ডিবি পুলিশের এস আই মুক্ত রায় চৌধুরীর নেতৃত্বে অভিযান চালানো হয়।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে অভিযান চালিয়ে ৫২ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়েছে। এসময় পুলিশের উপস্থিতি টের পেয়ে তিনজন পালিয়ে যায়। মুজিবনগর থানায় তাদের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

সমাজসেবা সমন্বয় পরিষদ নির্বাচনে খোকন প্যানেলের জয়

মেহেরপুর শহর সমাজসেবা সমন্বয় পরিষদের পুনরায় সভাপতি নির্বাচিত হয়েছেন আমিনুল ইসলাম খোকন। ৪৬ টি ভোট পেয়ে তিনি সভাপতি নির্বাচিত হন। ৭৩ টি ভোটের মধ্যে ৭০ টি ভোট পোল হয়।

তার নিকটমত প্রতিদ্বন্দ্বী নুরুল ইসলাম পেয়েছেন ২৪ টি ভোট। এছাড়াও খোকনের প্যানেলে আরও ৯ জন বিভিন্ন পদে নির্বাচিত হয়েছেন। অন্যদিকে নরুল ইসলাম প্যানেলের ইলিয়াস হয়েছেন সাহিত্য, সাংস্কৃতি ও ক্রিয়া বিষয়ক সম্পাদক।

মেহেরপুর জেলা সমাজসেবা কার্যালয়ে শুক্রবার সকাল ৯ থেকে বিকাল ৪ পর্যন্ত সমন্বয় পরিষদের ভোট গ্রহন করা হয়। ভোট গ্রহন শেষে প্রধান নির্বাচন কমিশনার মেহেরপুর সদর সমাজ সেবা কর্মকর্তা আব্দুর রব ফলাফল ঘোষনা করেন।

অন্যান্য পদে যারা নির্বাচিত হয়েছেন তারা হলেন, সহ সভাপতি পদে মোয়াজ্জেম হোসেন, রাহিনুজ্জামান পলেন, মমতাজ পারভিন, যুগ্ম সম্পাদক পদে মিরাজুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক পদে কামরুজ্জামান, কোষাধ্যক্ষ পদে সাহেদুজ্জামান, প্রচার ও জন সংযোগ বিষয়ক সম্পাদক পদে নাজমুল হাসান ও নির্বাহী সদস্য পদে রিপন রেজা।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ পূর্তি পালন

মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেনের জনপ্রশাসন প্রতিমন্ত্রী হিসেবে দ্বিতীয় বর্ষ পূর্তি উপলক্ষে মেহেরপুরে কেক কাটার আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক সরফরাজ হোসেন মিদুল এর সভাপতিত্বে ও সরকারি কলেজ শাখা ছাত্রলীগের উদ্যোগে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের বাসভবনে কেক কেটে প্রতিমন্ত্রীর দ্বিতীয় বর্ষ উদযাপন করা হয়।

এসময় কেক কাটা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম-সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন, বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আবদুস সালাম বাঁধন, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হসেন আসিফ, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিনসহ আওয়ামী লীগ ও যুবলীগের নেতৃবৃন্দ।